অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/31/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নতুন প্রশাসনিক নিয়োগের কথা ঘোষণা করেছেন

গভর্নর ক্যাথি হোকল আজকে নতুন প্রশাসনিক নিয়োগের ঘোষণা করলেন।

"আমরা নিউ ইয়র্ককে আসর সাশ্রয়ী, আরো বসবাসযোগ্য এবং আরো নিরাপদ করার কাজ করছি, তাই ফলাফল প্রদান করতে পারবে এমন একটি সরকারি চাকরিজীবীর দল থাকা অতি গুরুত্বপূর্ণ," **গভর্নর হোকল বলেন।** "এইসব যোগ্য, মেধাবী ব্যক্তিরা নিউ ইয়র্কের ভবিষ্যতের জন্য লড়াই অব্যাহত রাখতে আমাদেরকে সাহায্য করবে, এবং এম্পায়ার স্টেটের প্রতিটি কোণায় সম্প্রদায়সমূহের কাছে পৌঁছানোর জন্য আমাদের প্রয়াসের গুরুত্বপূর্ণ অংশ হবে।"

আইভান অ্যাকোস্টাকে ডেপুটি চিফ অফ স্টাফ পদে নিয়োগ দেওয়া হয়েছে। আইভান সর্বশেষ নিউ ইয়র্ক সিটি মেয়রের ব্যবস্থাপনা ও বাজেট অফিসে (New York City Mayor’s Office of Management and Budget) একজন সহযোগী পরিচালক হিসেবে গত ছয় বছর দায়িত্ব পালন করেছেন। এই পদের পূর্ব, তিনি নিউ ইয়র্ক সিটি মেয়রের অফিস (New York City Mayor’s Office), নিউ ইয়র্ক সিটি পরিষদ (New York City Council), এবং নিউ ইয়র্ক স্টেট আইনসভায় (New York State Legislature) বাজেট, বিধিমালা এবং নাগরিক পরিষেবায় বিভিন্ন মুখ্য পদে দায়িত্ব পালন করেছেন। তিনি নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটিতে (City University of New York, CUNY) এর জন জে কলেজের (John Jay College) একজন গ্র্যাজুয়েট।

রবার্ট ক্যালার্কোকে লং আইল্যান্ড আন্তঃসরকারি অ্যাফেয়ার্সের (Long Island Intergovernmental Affairs) সহকারী সচিব পদে নিয়োগ দেওয়া হয়েছে। রবার্ট সর্বশেষ নিউ ইয়র্ক স্টেট পরিবেশ সংরক্ষণ বিভাগ (New York State Department of Environmental Conservation), অঞ্চল 1 এর সহকারী আঞ্চলিক পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন। এই পদের পূর্ব, তিনি সাফোক কাউন্টির একজন বিধায়ক হিসেবে পাঁচ টার্ম দায়িত্ব পালন করেছেন, যেখানে তার সর্বশেষ টার্মে তিনি প্রিসাইডিং কর্মকর্তা ছিলেন। রবার্ট স্টোনি ব্রুক ইউনিভার্সিটি (Stony Brook University) থেকে সরকারি নীতিমালাতে তার মাস্টার্স ডিগ্রি এবং ডাউলিং কলেজে (Dowling College) থেকে তার ব্যাচেলর্স ডিগ্রি অর্জন করেছেন।

শানা ক্যাসিডিকে গভর্নরের সহকারী সচিব পদে নিয়োগ দেওয়া হয়েছে। শানা সর্বশেষ সিনেটর জোসেফ আডাবার জন্য বিধানিক পরিচালক এবং সিনেট রেসিং গেমিং এবং ওয়েজারিং কমিটির (Senate Racing Gaming and Wagering Committee) কমিটি পরিচালক হিসেবে

দায়িত্ব পালন করেছেন। এর পূর্বে তিনি সিনেট এজিং কমিটির (Senate Aging Committee) কর্মী হিসেবে দায়িত্ব পালন করেন। স্টেটের আইনসভা এবং নির্বাহী শাখায় শানার এক দশকের বেশি সেবার অভিজ্ঞতা রয়েছে।

কলিন ডিকনকে আপস্টেট আন্তঃসরকারি অ্যাফেয়ার্সের (Upstate Intergovernmental Affairs) ডেপুটি সচিব পদে নিয়োগ দেওয়া হয়েছে। কলিন সর্বশেষ নির্বাহী চেম্বারে (Executive Chamber) আপস্টেট আন্তঃসরকারি অ্যাফেয়ার্সের সিনিয়র পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন, যেখানে তিনি 2017 সাল থেকে কাজ করছেন। এর পূর্বে তিনি মার্কিন যুক্তরাষ্ট্রের সিনেটর কির্স্টেন জিলিব্র্যান্ডের আঞ্চলিক পরিচালক এবং সিরাকিউজ সিটির মেয়র ম্যাথু ড্রিস্কলের প্রেস সচিব হিসেবে দায়িত্ব পালন করেছেন। কলিন সিরাকিউজ ইউনিভার্সিটি (Syracuse University) থেকে ইংরেজি এবং টেক্সচুয়াল স্টাডিজে তার ডিগ্রি অর্জন করেছেন।

ড্যানিয়েল ডর্নবামকে গভর্নরের সহকারী সচিব পদে নিয়োগ দেওয়া হয়েছে। ড্যানিয়েল সর্বশেষ নিউ ইয়র্ক স্টেট ডেমোক্রেটিক কমিটির (New York State Democratic Committee) অপারেশন্স পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন। এর পূর্বে তিনি নির্বাহী চেম্বারে ম্যানহাটন আঞ্চলিক প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করেছেন। ড্যানিয়েল বারুচ কলেজ (Baruch College) থেকে পাবলিক অ্যাফেয়ার্সে তার ব্যাচেলর্স ডিগ্রি অর্জন করেন।

স্টিভেন্স মার্টিনেজকে লং আইল্যান্ড আন্তঃসরকারি অ্যাফেয়ার্সের ডেপুটি পরিচালক পদে নিয়োগ দেওয়া হয়েছে। স্টিভেন্স সর্বশেষ নির্বাহী চেম্বারে নাসাউ কাউন্টি আঞ্চলিক প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করেছেন। এর পূর্বে তিনি NBCইউনিভার্সালে (NBCUniversal) সরকারি অ্যাফেয়ার্সে এবং নাসাউ কাউন্টি কম্পট্রোলারে জন্য এক্সটার্নাল অ্যাফেয়ার্সে দায়িত্ব পালন করেছেন। স্টিভেন্স হফস্ট্রা ইউনিভার্সিটি (Hofstra University) থেকে সরকারি নীতিমালা এবং সরকারি চাকরিতে তার ব্যাচেলর্স ডিগ্রি অর্জন করেছেন।

জ্যাকেলিন প্যারেডেসকে বিধানিক অ্যাফেয়ার্সের সহকারী সচিব পদে নিয়োগ দেওয়া হয়েছে। জ্যাকেলিন সর্বশেষ নিউ ইয়র্ক স্টেট ইউনাইটেড টিচার্সের (New York State United Teachers, NYSUT) জন্য একজন সিনিয়র বিধানিক প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করেছেন যেখানে তিনি 16 বছরের বেশি সময় ধরে কাজ করেছেন। এর পূর্বে তিনি নিউ ইয়র্ক স্টেট ডেমোক্রেটিক কমিটিতে (New York State Democratic Committee) দায়িত্ব পালন করেছেন এবং তিনি একজন রাজনৈতিক কনসালটেন্ট ছিলেন। জ্যাকি নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University of New York, SUNY) অ্যাট অ্যালবানি থেকে তার ব্যাচেলর্স ডিগ্রি অর্জন করেছেন।

শার্লি পলকে জুডিশিয়ারির সহকারী কাউন্সেল পদে নিয়োগ দেওয়া হয়েছে। শার্লি সর্বশেষ নির্বাহী চেম্বারে সিনিয়র উপদেষ্টা এবং নাগরিক অ্যাফেয়ার্সের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন। এর পূর্বে শার্লি দেওয়ানি ও ফৌজদারি মামলার একজন অ্যাটর্নি, একজন আইন ক্লার্ক এবং নিউ ইয়র্ক সিটি আইন বিভাগের (New York City Law Department) একজন সহকারী কর্পোরেশন কাউন্সেল হিসেবে দায়িত্ব পালন করেছেন। শার্লি ডেলাওয়্যার স্টেট ইউনিভার্সিটির (Delaware State University) একজন গ্র্যাজুয়েট যেখানে তিনি তৎকালীন সিনেটর জোসেফ

আর. বাইডেনের সাথে কাজ করে রাজনীতিতে নিজের প্রথম ভূমিকা পালন করেন, তিনি ব্রুকলিন কলেজ (Brooklyn College) থেকে একটি মাস্টার্স ডিগ্রি এবং নিউ ইয়র্ক ল স্কুল (New York Law School) থেকে একটি J.D. অর্জন করেন।

এডগার সান্টানাকে গভর্নর নির্বাহী ডেপুটি সচিব পদে নিয়োগ দেওয়া হয়েছে। এডগার সর্বশেষ গভর্নরের ডেপুটি সচিব হিসেবে দায়িত্ব পালন করেছেন এবং এছাড়াও তিনি নির্বাহী চেম্বারে ডাউনস্টেট আঞ্চলিক অ্যাফেয়ার্সের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন। এই পদের পূর্বে তিনি লেবারার্স ইস্টার্ন রিজিয়ন অর্গানাইজিং ফান্ডের (Laborers Eastern Region Organizing Fund) জন্য রাজনৈতিক এবং সরকারি অ্যাফেয়ার্সের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন। এর পূর্বে তার ক্যারিয়ারে এডগার নিউ ইয়র্ক স্টেট ডেমোক্রেটিক কমিটি পরিচালনা করেছেন এবং তিনি 2008 সালে হিলারি ক্লিনটন ফর প্রেসিডেন্টের জন্য নর্থইস্ট রাজনৈতিক পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন। এডগার ফোর্ডহ্যাম ইউনিভার্সিটি (Fordham University) থেকে ব্যবসা প্রশাসনে একটি ব্যাচেলর্স ডিগ্রি এবং একটি M.B.A. অর্জন করেছেন। এছাড়াও তিনি উইলমিংটন ইউনিভার্সিটির (Wilmington University) উইলসন গ্র্যাজুয়েট সেন্টার (Wilson Graduate Center) থেকে জনপ্রশাসনে একটি মাস্টার অফ সাইন্স ম্যানেজমেন্ট ডিগ্রি অর্জন করেছেন। এডগার বর্তমানে 2024 ক্লাস অফ প্রেসিডেনশিয়াল লিডারশীপ স্কলার্সের একটি অংশ।

জেসিকা স্ক্যাপেরোট্টিকে কেবিনেট অ্যাফেয়ার্সের (Cabinet Affairs) সহকারী সচিব পদে নিয়োগ দেওয়া হয়েছে। জেসিকা সর্বশেষ রিয়েল এস্টেট ডেভেলপমেন্টে কাজ করেছেন যেখানে তিনি ফেয়ারস্টিড, জেমসটাউন, ব্রাউন হ্যারিস স্টিভেন্স, এবং রিলেটেড কোম্পানিজে যোগাযোগ ও মার্কেটিং প্রয়াসের নেতৃত্বদানে সাহায্য করেছেন। বেসরকারি খাতে কাজ করার পূর্বে জেসিকা এক দশকের বেশি সময় সরকারি চাকরি করেছেন, তিনি নিউ ইয়র্ক সিটির স্বাস্থ্য ও শিক্ষা বিভাগের জন্য, এবং নিউ ইয়র্ক স্টেটের অপরাধ ন্যায়বিচার পরিষেবা বিভাগের (Division of Criminal Justice Services) জন্য প্রেস অফিস ব্যবস্থাপনা করেছেন। তিনি নর্থইস্টার্ন ইউনিভার্সিটি থেকে তার ব্যাচেলর অফ সাইন্স ডিগ্রি অর্জন করেছেন।

এঞ্জেল ভ্যাসকুয়েজকে ডাউনস্টেট আন্তঃসরকারি অ্যাফেয়ার্সের (Downstate Intergovernmental Affairs) ডেপুটি সচিব পদে নিয়োগ দেওয়া হয়েছে। এঞ্জেল সর্বশেষ নির্বাহী চেম্বারে আন্তঃসরকারি অ্যাফেয়ার্সের সহকারী সচিব হিসেবে দায়িত্ব পালন করেছেন। এই পদের পূর্বে, এঞ্জেল ইউনাইটেড শিক্ষক ফেডারেশনে (United Federation of Teachers) ডেপুটি রাজনৈতিক পরিচালক এবং সিনিয়র নীতিমালা উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করেছেন। এছাড়া তিনি নিউ ইয়র্ক স্টেট সিনেটর ম্যারিসল অ্যালকেন্ট্রার (New York State Senator Marisol Alcantara) চিফ স্টাফ হিসেবে, এবং নিউ ইয়র্ক স্টেট সিনেট সংখ্যাগরিষ্ঠতা কনফারেন্সের (New York State Senate Majority Conference) নীতিমালা বিশ্লেষক হিসেবে দায়িত্ব পালন করেছেন। এঞ্জেল কর্নেল ইউনিভার্সিটির (Cornell University) ইন্ডাস্ট্রিয়াল এবং লেবার রিলেশন্স স্কুল (School of Industrial and Labor Relations) থেকে তার ব্যাচেলর্স ডিগ্রি এবং কলাম্বিয়া ইউনিভার্সিটির (Columbia University) ইন্টারন্যাশনাল এবং পাবলিক অ্যাফেয়ার্স স্কুল (School of International and Public Affairs) থেকে একটি মাস্টার অফ পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন অর্জন করেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন